

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভাইস চেয়ারম্যানের কার্যালয়
কেশবপুর, যশোর।


উপজেলা পরিষদের আইন শৃঙ্খলা সংক্রান্ত স্থায়ী কমিটি সভার কার্যবিবরণী:

সভাপতি	: জনাব পলাশ কুমার মল্লিক ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেশবপুর, যশোর।
সভার তারিখ	: ০১/০৭/২০২১ খ্রি।
সময়	: সকাল ১০:০০ ঘটিকা।
স্থান	: উপজেলা ভাইস চেয়ারম্যানের কার্যালয়, কেশবপুর, যশোর।
উপস্থিত সদস্যবৃন্দ	: পরিষিষ্ঠ-ক।

সভার শুরুতে সভাপতি মহোদয় জনাব পলাশ কুমার মল্লিক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করার জন্য সদস্য সচিব, উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তাকে আহবান জানান। সদস্য সচিব, উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা নিম্নরূপ নির্ধারিত আলোচ্যসূচি মোতাবেক আলোচনা শুরু করেন:

ক্রম.	আলোচ্যসূচি	আলোচনা	সুপারিশ/সিদ্ধান্ত	ফলাফল
১	মাদকদ্রব্য প্রতিরোধ সংক্রান্ত আলোচনা	উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান যে, বর্তমানে মাদকদ্রব্য সেবনের হার অনেকাংশে বৃদ্ধি পেয়েছে। উপজেলার উঠতি বয়সী যুবক গাজা, ফেনসিডিলসহ বিভিন্ন ধরণের মাদকের প্রতি আসত্ত হয়ে পড়েছে। বিভিন্ন এলাকায় সভা সমাবেশ করে নেশায় আসত্ত বেকার যুবকদের নেশাদ্বয়ের কুফল সম্পর্কে সচেতন করতে হবে। তাদের খেলাধূলার মধ্যে রাখতে হবে। তা হলে এগুলো নিয়ন্ত্রণ এবং সেবনের হাত থেকে রক্ষা করা সম্ভব হবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	ইউনিয়নে প্রতিটি ওয়ার্ডে মাদকের কুফল সম্পর্কে সভা/ সেমিনারের আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।	মাদকের হাত থেকে যুব সমাজকে রক্ষায় করাই এর একমাত্র মূল লক্ষ্য
২	বাল্য বিবাহ প্রতিরোধ সংক্রান্ত আলোচনা	চেয়ারম্যান, গৌরিঘোনা ইউনিয়ন পরিষদ জনান যে বর্তমানে বাল্য বিবাহের হার অনেকাংশে বৃদ্ধি পেয়েছে। করোনাকালীন সময়ে শিক্ষা প্রতিষ্ঠান বৰ্ক থাকায় অনেক অভিভাবক তাদের নাবালিকা মেয়েকে বিবাহ দিচ্ছে। বাল্য বিবাহ প্রতিরোধ করা প্রয়োজন। চেয়ারম্যান, সাগরদাঁড়ী ইউনিয়ন পরিষদ জানান যে, বাল্য বিবাহ দিয়ে মেয়েদের স্বাস্থ্যহানি ঘটে। দুট সন্তান ধারণ করাই তারা বিভিন্ন ধরণের রোগে আক্রান্ত হওয়ার সম্ভবনা থাকে। এমনকি তাদের মৃত্যু পর্যন্ত হতে পারে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	বাল্য বিবাহ প্রতিরোধে সচেতনতামূলক সভার আয়োজন করতে হবে।	বাল্য বিবাহের কুফল সম্পর্কে অভিভাবকসহ সকলকে সচেতন করা।

অতঃপর সভাপতি উপস্থিত সকলকে সততা, নিষ্ঠা ও আন্তরিকতার সাথে অগ্রিম দায়িত্ব পালন করার জন্য অনুরোধ করে সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(পলাশ কুমার মল্লিক)

ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

আইন শৃঙ্খলা সংক্রান্ত স্থায়ী কমিটি
কেশবপুর, যশোর।

- অনুলিপি অবগতি/সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :
- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেশবপুর, যশোর।
 - ০২। উপজেলা নির্বাহী অফিসার, কেশবপুর, যশোর।
 - ০৩। উপজেলা অফিসার, কেশবপুর, যশোর।
 - ০৪। চেয়ারম্যান ইউপি, কেশবপুর, যশোর।
 - ০৫। অফিস কপি।